সমকাল

তারিখ 07 APR 2015
পৃষ্ঠা ... কলাম ...

# হরতালের মধ্যেই ভোকেশনাল পরীক্ষা আজ

■ সমকাল প্রতিবেদক

আটটি সাধারণ শিক্ষা বোর্ডে এইচএসসিতে আজ মঙ্গলবার কোনো পরীক্ষা নেই। তবে জামায়াতে ইসলামীর ডাকা দু'দিনের হরতালের মধ্যে আজ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি ভোকেশনালের পরীক্ষা রয়েছে। হরতালের মধ্যেই আজ যথাসময়ে এইচএসসি ভোকেশনালের পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে কারিগরি শিক্ষা বোর্ড। কারিগরি বোর্ডের চেয়ারম্যান ড. মো. মোস্তাফিজুর রহমান সমকালকে বলেন, 'এবারের এইচএসসি ভোকেশনালে প্রায় নয় হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। আর এই পরীক্ষা দেশের ৬৪টি সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। হরতাল পরীক্ষার ওপর কোনো প্রভাব ফেলবে না। নির্দিষ্ট সময়েই পরীক্ষা অনুষ্ঠিত হবে।'

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, আজ মঙ্গলবার সকালে এইচএসসি ভোকেশনালের নতুন ও পুরনো সিলেবাসের ইংরেজি-১ বিষয়ের পরীক্ষা রয়েছে।